গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
দিনাজপুর।

২৪ ডিসেম্বর, ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মোশাররফ হোসেন, সহকারী পরিচালক, পাট অধিদপ্তর, দিনাজপুর। |
| তারিখ | : ২৭ ডিসেম্বর, ২০২৩ খ্রি. |
| সময় | : সকাল ১১ ঘটিকায় |
| সভার স্থান | : সহকারী পরিচালকের কার্যালয়, পাট অধিদপ্তর, দিনাজপুর। |
| উপস্থিতি | : কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' |

সভায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পাট অধিদপ্তর, দিনাজপুর অঞ্চলের কার্যক্রম সুষ্ঠ ভাবে সম্পাদন করার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালনের পরামর্শ প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব দিলীপ কুমার মালাকার, পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর সভার আলোচ্য বিষয় সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ২০২৩-২৪ অর্থবছরে এপিএ বাস্তবায়নের নিমিত্ত অনুযায়ী লাইসেন্স এর সংখ্যা বৃদ্ধি, হাটবাজার পরিদর্শন, উদ্বুদ্ধকরণ সভা, পাটকল পরিদর্শন ও বেলিং সেন্টার পরিদর্শন সংক্রান্ত | সহকারী পরিচালক সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে দিনাজপুর অঞ্চলে ১০৫০টি লাইসেন্স এর টার্গেট আছে। যেখানে ৮৬৩ টি লাইসেন্স হয়েছে। তিনি এ কার্যক্রম জোরদার করণে জেডিও/সিআই/পরিদর্শক/জেডিএ কে আহবান জানান এবং জানান যে, জেডিও এবং জেডিএগণ এবং উপসহকারীগণকে এ বিষয়ে এডি/সিআই কে সহযোগিতা করতে হবে। একইভাবে সিআই, জয়পুরহাট জানান যে, ইতিমধ্যে উদ্বুদ্ধকরণ সভা/মতবিনিময় সভা জয়পুরহাটে অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনকালীন সময়ের জন্য তারিখ পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে সহকারী পরিচালক, মুখ্য পরিদর্শক, ঠাকুরগাঁও/পঞ্চগড়/বগুড়া একই বক্তব্য রাখেন। সহকারী পরিচালক জানান যে, হাটবাজার পরিদর্শন, হাটবাজার উদ্বুদ্ধকরণ সভা এবং লিফলেট বিতরণ একই ভাবে জেডিও/এসএজেডিও/জেডিএ/পরিদর্শকগণ বাস্তবায়ন করবেন। | জেলা প্রশাসনের সহযোগিতায় আগামী ৩১/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সেমিনার ও মতবিনিময় সভা সম্পন্ন করতে হবে এবং লাইসেন্স এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জেডিও,জেডিএ, এসএজেডিওগণ এডি ও সিআইগণকে সহযোগিতা করবেন। একইভাব হাটবাজার পরিদর্শন, হাটবাজার উদ্বুদ্ধকরণ সভা, পোস্টার ও লিফলেট বিতরণ কার্যক্রম সম্পন্ন করে জেডিওগণ সহকারী পরিচালক বরাবর রিপোর্ট প্রদান করবেন। এবং প্রতি মাসের শেষ সপ্তাহে সহকারী পরিচালক, দিনাজপুর কার্যালয়ে অনুষ্ঠিত সমন্বয় সভায় জেডিও ও সিআইগণ মাসিক প্রতিবেদনসহ উপস্থিত থাকবেন। | সহকারী পরিচালক, দিনাজপুর, পাট উন্নয়ন কর্মকর্তা, মুখ্য পরিদর্শক, পরিদর্শক (পাট), পাট উন্নয়ন সহকারী, উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় /জয়পুরহাট/বগুড়া। |
| ০২ | পণ্যে পাটজাত মোড়কের ব্যবহার বাধ্যতামূলক আইন-২০১০ বাস্তবায়ন সংক্রান্ত। | সহকারী পরিচালক জানান যে, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামুলক ব্যবহার আইন-২০১০ বাস্তবায়নকল্পে ২০২৩-২৪ অর্থবছরে এপিএতে দিনাজপুরে ৩০ টি বগুড়ায় ৩৫টি ঠাকুরগাঁও এ ৩০টি জয়পুরহাটে ১৮ টি এবং পঞ্চগড়ে ১৭টি মোট-১৩০ টি মোবাইল কোর্ট করার লক্ষ্যেমাত্রা আছে। এ অনুযায়ী এ পর্যন্ত মোট ৪৮ টি মোবাইল কোর্ট হয়েছে যা অত্যন্ত কম। অবিলম্বে প্রতিমাসে প্রতিটি জেলায় অন্তত ০৫টি করে মোবাইল কোর্ট করার জন্য অনুরোধ করা হলো। তিনি আরো জানান যে, দিনাজপুর জেলায় এ বিষয়ে NIS এর কার্যক্রম চলছে। এ অনুযায়ী অটোরাইস মিলে পাটের বস্তার উপস্থিতি ভেরিফিকেশন এবং নোটিশ প্রদান মোবাইল কোর্ট জোরদারকরণ করার তাগিদ দেন। এবং এ বিষয়ে বিশেষ কর্মসূচী গ্রহন উপলক্ষে বগুড়া এবং জয়পুরহাট জেলায় উল্লেখিত কার্যক্রম অব্যাহত রাখার তাগিদ দেন। | ১. সহকারী পরিচালক, পাট উন্নয়ন কর্মকর্তা, মুখ্য পরিদর্শকসহ সকল কর্মকর্তা কর্মচারী এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম জোরদার করবেন। | সহকারী পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা/মুখ্য পরিদর্শক/পরিদর্শক (পাট)/পাট উন্নয়ন সহকারী/উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, পাট অধিদপ্তর, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় /জয়পুরহাট/বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রকল্প কমিটিতে মুখ্য পরিদর্শক বা পরিদর্শক (পাট) বা পাট উন্নয়ন সহকারীদের সদস্য হিসেবে কোঅপ্ট করা সংক্রান্ত। | জনাব দিলীপ কুমার মালাকার, পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর উপজেলা প্রকল্প কমিটিতে মুখ্য পরিদর্শক বা পরিদর্শক (পাট) বা পাট উন্নয়ন সহকারীদের সদস্য হিসেবে কোঅপ্ট করা বিষয়ে আলোচনা করেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটিতে পাট অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে মুখ্য পরিদর্শক/পরিদর্শক (পাট)/পাট উন্নয়ন সহকারীদের সদস্য হিসেবে কোঅপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট), পাট উন্নয়ন কর্মকর্তা,দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/জয়পুরহাট/বগুড়া। |
| ০৪ | পাট চাষিদের প্রাপ্য বীজ, সার ও কীটনাশক বিতরণ এবং পাটবীজ ক্রয় বা প্রশিক্ষণ সংক্রান্ত | জনাব অসীম কুমার মালাকার, পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর পাটচাষিদের প্রাপ্য বীজ, সার ও কীটনাশক বিতরণ এবং পাটবীজ ক্রয় বা প্রশিক্ষণের উপর আলোচনা করেন। | পাট চাষিদের প্রাপ্য বীজ, সার ও কীটনাশক বিতরণ এবং পাটবীজ ক্রয় বা প্রশিক্ষণের তালিকা হালনাগাদ করে তার অনুলিপি সহকারী পরিচালক, দিনাজপুর বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর অঞ্চল/মুখ্য পরিদর্শক,দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/জয়পুরহাট/বগুড়া। |
| ০৫ | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাগণের মাসিক ভ্রমনসূচী সংক্রান্ত। | সহকারী পরিচালক, পাট অধিদপ্তর, দিনাজপুর উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাগণের মাসিক ভ্রমনসূচী অনুমোদন সংক্রান্ত আলোচনা করেন। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাগণের মাসিক ভ্রমনসূচী পাট উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে অনুমোদনের জন্য সহকারী পরিচালক, দিনাজপুর কার্যালয়ে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | পাট উন্নয়ন কর্মকর্তা, পাট অধিদপ্তর, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/জয়পুরহাট/বগুড়া। |
| ০৬ | মাসিক রিপোর্ট রিটার্ন সংক্রান্ত | সহকারী পরিচালক, দিনাজপুর, মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা কর্তৃক নির্দেশনা প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন এবং পাট উন্নয়ন কর্মকর্তাগণকে মহাপরিচালক, পাট অধিদপ্তর ও প্রকল্প পরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা বরাবর মাসিক রিপোর্ট রিটার্ন ও প্রতিবেদন সহকারী পরিচালকের মাধ্যমে প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন। | মাসিক রিপোর্ট রিটার্ন ও প্রতিবেদন সহকারী পরিচালকের মাধ্যমে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক, পাট অধিদপ্তর, দিনাজপুর, পাট উন্নয়ন কর্মকর্তা/মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/জয়পুরহাট/বগুড়া। |
| ০৭ | বিবিধ | পাট উন্নয়ন কর্মকর্তা জনাব দিলীপ কুমার মালাকার উপস্থাপন করেন, পাট চাষিদের রাসায়নিক সার ও কীটনাশক বিতরণ না করে সমপরিমাণ অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণ করার প্রস্তাব করেন। | এ বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। এবং বিষয়টি বিধিবহির্ভুত মর্মে সহকারী পরিচালক মতামত দেন এবং এজাতীয় প্রস্তাব বাস্তবায়ন/উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য প্রেরণের বিষয়টি নাকচ করেন। | প্রযোজ্য নয় |

পরিশেষে আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী পরিচালক
পাট অধিদপ্তর, দিনাজপুর।

স্মারক নং- ২৪.০১.২৭০০.০০১.০১৯.১২.২০২০/৩৩

তারিখঃ ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার.........................................(সংশ্লিষ্ট)।
৪। পাট উন্নয়ন কর্মকর্তা..................................................(সংশ্লিষ্ট)।
৫। মুখ্য পরিদর্শক.........................................................(সংশ্লিষ্ট)।
৬। পরিদর্শক (পাট)/পাট উন্নয়ন সহকারী...................................(সংশ্লিষ্ট)।
৭। উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা........................................(সংশ্লিষ্ট)।
৮। অফিস কপি।

(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী পরিচালক
পাট অধিদপ্তর, দিনাজপুর।